

তারিখ: ২১/১১/২০২৩ খ্রি.

২০২২-২৩ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) ভর্তি কার্যক্রমের ২য় মেধা তালিকায় ভর্তিকৃতদের কোর্স পরিবর্তন ও কোটার মেধা তালিকায় স্থানপ্রাপ্তদের ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি (সংশোধিত)

২০২২-২৩ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) ভর্তি কার্যক্রমের কোটার মেধা তালিকায় স্থানপ্রাপ্তদের আগামী ২৩/১১/২০২৩ খ্রি. তারিখের মধ্যে ওয়েবসাইট (www.nu.ac.bd/admissions) থেকে ফরম ডাউনলোড করে College Copy ও প্রয়োজনীয় কাগজপত্র নিম্নোক্ত তারিখে অবশ্যই ভর্তি কমিটির নিকট জমা দিতে হবে এবং Student's Copy নিজের কাছে সংরক্ষণ করতে হবে। উল্লেখ্য যে, কোটার মেধা তালিকায় স্থানপ্রাপ্ত ভর্তিচ্ছু কোন শিক্ষার্থী বর্তমানে অধ্যয়নরত থাকলে তাকে অবশ্যই ২২/১১/২০২৩ তারিখের পূর্বে পূর্ববর্তী শিক্ষাবর্ষের ভর্তি বাতিল করে অনলাইনে চূড়ান্ত ভর্তি ফরম পূরণ করতে হবে। অন্যথায় দ্বৈত ভর্তির কারণে ঐ শিক্ষার্থীর ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।

এছাড়া ২য় মেধা তালিকায় ভর্তিকৃতদের মধ্যে যাদের কোর্স পরিবর্তন হয়েছে তাদেরকে পরিবর্তিত কোর্সের ভর্তি ফরম অনলাইনে ২কপি প্রিন্ট করে ১ কপি সংশ্লিষ্ট কমিটির নিকট জমা দিয়ে নতুন ক্লাস রোল নম্বর সংগ্রহ করতে হবে। শিক্ষার্থীকে নতুন ক্লাস রোল নম্বর সংগ্রহের সময় পূর্বের ক্লাস রোল নম্বরসম্বলিত পে-স্লিপ অবশ্যই সঙ্গে আনতে হবে। কোর্স পরিবর্তন হলে পূর্ব কোর্সের ভর্তি বাতিল হয়ে যাবে এবং পরিবর্তিত কোর্সের ভর্তি নিশ্চিত হয়ে যাবে। কোর্স পরিবর্তনের ক্ষেত্রে শিক্ষার্থীকে কোন ফি প্রদান করতে হবে না। তবে কোন শিক্ষার্থীর কোর্স পরিবর্তন না হলে তার পূর্ব কোর্সের ভর্তি বহাল থাকবে।

ক্রমিক নং	বিভাগ	কোর্স পরিবর্তনকৃতদের নতুন রোল নম্বর সংগ্রহের তারিখ	কোটার মেধা তালিকায় স্থানপ্রাপ্তদের কাগজপত্র জমাদানের তারিখ
১।	বিএসএস (পাস) ১ম বর্ষ	২৩/১১/২০২৩ খ্রি. (সকাল ১০:০০ - বেলা ১২:০০ টা)	২৩/১১/২০২৩ খ্রি. (সকাল ১০:০০ - বেলা ২:০০ টা)
২।	বিএ (পাস) ১ম বর্ষ		
৩।	বিবিএস, বিএসসি (পাস) ১ম বর্ষ		


☞ ভর্তি ফি জমাদানের পদ্ধতি: আগামী ২০/১১/২০২৩ থেকে ২৩/১১/২০২৩ খ্রি. তারিখের মধ্যে <https://sbl.com.bd:7070> লিংকে প্রবেশ করে সোনালী বিল পেমেন্ট সিস্টেম এর National University Fees ক্লিক করতে হবে। Fee Payment ট্যাব এর Admission Fee ক্লিক করে Degree Pass অপশন সিলেক্ট করার পর st. Year, College, Session, Admission Roll সহ চাহিত তথ্যাদি এন্ট্রি দিয়ে Next বাটনে ক্লিক করে ভর্তি ফি জমা দিয়ে Pay Slip এর প্রিন্টকপি সংরক্ষণ করতে হবে।

☞ ভর্তি ফি'র পরিমাণ নিম্নরূপ:

বিভাগ	ভর্তি ও অন্যান্য ফি এর পরিমাণ
বিএ/বিএসএস/বিবিএস (পাস) ১ম বর্ষ	৩,২০১/-
বিএসসি (পাস) ১ম বর্ষ	৩,৩২১/-

☞ যে সকল কাগজপত্র জমা দিতে হবে:

- এসএসসি এবং এইচএসসি পরীক্ষার মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট;
- এসএসসি এবং এইচএসসি পরীক্ষার মূল প্রশংসাপত্র;
- এসএসসি এবং এইচএসসি পরীক্ষার একাডেমিক ট্রান্সক্রিপ্ট, প্রশংসাপত্র ও রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত ফটোকপি- ১ কপি;
- পাসপোর্ট সাইজের রঙিন ছবি-৩ কপি এবং স্ট্যাম্প সাইজের ছবি- ১ কপি;
- আবেদন ফরমের College Copy- ১ কপি;
- নির্ধারিত ফি পরিশোধের Pay Slip- এর কপি;
- ১০"X১৪" সাইজের খাম- ১টি (নাম, রোল নং, বিভাগ, ব্রাড গ্রুপ, মোবাইল নম্বরসহ স্থায়ী ঠিকানা লিখতে হবে)


(প্রফেসর তুষার কান্তি বড়ুয়া)
অধ্যক্ষ
রাঙ্গামাটি সরকারি কলেজ
রাঙ্গামাটি পার্বত্য জেলা

বিতরণ:

- উপাধ্যক্ষ, অত্র কলেজ, রাঙ্গামাটি;
- সম্পাদক, শিক্ষক পরিষদ, অত্র কলেজ, রাঙ্গামাটি;
- আহ্বায়ক, ১ম বর্ষ ডিগ্রী (পাস) ভর্তি কমিটি/২০২২-২০২৩, অত্র কলেজ, রাঙ্গামাটি;
- হিসাব সহকারী, অত্র কলেজ, রাঙ্গামাটি;
- ডাটা এন্ট্রি অপারেটর, অত্র কলেজ, রাঙ্গামাটি। তাঁকে কলেজের ওয়েবসাইটে আপলোড করার জন্য নির্দেশ দেয়া গেল;
- সংরক্ষণ নথি।